# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 19 April, 2025

## প্রধান উপদেষ্টা অধ্যাপক প্রধান উপদেষ্টা বাংলাদেশ ২০২৫ সালের ডিসেম্বর থেকে ২০২৬ সালের জুনের মধ্যে একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজনের ব্যাপারে তার অঙ্গিকার পুনর্ব্যক্ত করেছেন।

আজ শনিবার প্রধান উপদেষ্টার প্রেস উইং এক বিজ্ঞপ্তিতে জানায়, গত বৃহস্পতিবার ঢাকার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় আনফ্রেল প্রতিনিধি দলের সঙ্গে সাক্ষাতের সময় তিনি এই মন্তব্য করেন।

এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনস (আনফ্রেল) এর একটি প্রতিনিধি দল সাক্ষাৎ করতে গেলে প্রধান উপদেষ্টা বলেন, 'আমরা নিশ্চিত করতে চাই, এই নির্বাচনটি বাংলাদেশের ইতিহাসে সেরা এবং দেশের গণতান্ত্রিক যাত্রার জন্য একটি মাইলফলক হবে।

আনফ্রেল প্রতিনিধি দলে ছিলেন সংস্থাটির নির্বাহী পরিচালক ব্রিজা রোজালেস, বাংলাদেশ নির্বাচন ও গণতন্ত্র কর্মসূচির পরামর্শক মে বুটয়, ক্যাম্পেইন ও অ্যাডভোকেসির সিনিয়র প্রোগ্রাম অফিসার থারিন্দু আবিরত্ন, প্রোগ্রাম অফিসার আয়ান রহমান খান এবং প্রোগ্রাম অ্যাসোসিয়েট আফসানা অ্যামি।

আনফ্রেল হলো এশিয়ার বিভিন্ন দেশে সুশীল সমাজের সংগঠনগুলোর একটি আঞ্চলিক নেটওয়ার্ক।সংস্থাটি দুই দশকেরও বেশি সময় ধরে এই অঞ্চলে নির্বাচন পর্যবেক্ষণ, গণতান্ত্রিক সংস্কার এবং নাগরিক সম্পৃক্ততাকে সক্রিয়ভাবে সমর্থন করে আসছে।

প্রধান উপদেষ্টা প্রধান উপদেষ্টা নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:59

URL: https://timestodaybd.com/national/1053775807